



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেইল : dmfwestbengal@gmail.com

৭ই জানুয়ারি, ২০২০

মাননীয় মৎস্যমন্ত্রী,
পশ্চিমবঙ্গ সরকার,
বেনাফিশ টাওয়ার,
সল্টলেক

বিষয়ঃ সাগর সঙ্গম মৎস্যজীবী খচি উচ্ছেদের হ্রাস

মাননীয় মহাশয়,

রাজ্যের ক্ষুদ্র মৎস্যজীবীদের জীবন-জীবিকার সুরক্ষায় আপনার প্রতিশ্রুতি ও উদ্যোগ সর্বজনবিদিত। দক্ষিণ ২৪ পরগণা জেলার সাগরদীপের সহস্রাধিক সামুদ্রিক মৎস্যজীবী বিগত কয়েকদিন যাবৎ একটি অত্যন্ত গুরুতর সমস্যার সমূখীন হয়েছেন। এই বিষয়ে আপনার হস্তক্ষেপ অত্যন্ত জরুরী হয়ে পড়েছে।

সাগরদীপে সাগর সঙ্গম মেরিন মৎস্যজীবী খচি সমিতি পরিচালিত মৎস্য অবতরণ কেন্দ্রে (খোটিতে) সহস্রাধিক সামুদ্রিক মৎস্যজীবী মাছ ধরা, বাছাই, শুকানো ও বিক্রির সাথে বংশ পরম্পরায় যুক্ত। এই মৎস্য অবতরণ কেন্দ্র (খোটি) প্রায় ৬০ বছর ধরে কাজ করছে। বিগত ৩০ ডিসেম্বর থেকে গতকাল পর্যন্ত গঙ্গাসাগর কোষ্টাল থানার পুলিশ কয়েকবার এসে খোটি তুলে দেবার জন্য মৎস্যজীবীদের উপর চাপ ও হ্রাস দিচ্ছে। এ বিষয়ে কোনরকম প্রশাসনিক বিজ্ঞপ্তি তারা আজ পর্যন্ত মৎস্যজীবীদের দেখায়নি। উপায়ন্তর না দেখতে পেয়ে সাগর সঙ্গম মেরিন মৎস্যজীবী খচিতে কর্মরত ২১২ জন আতঙ্কিত গরীব মৎস্যজীবী দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের কাছে বিষয়টি জানিয়েছেন (২১২ জন মৎস্যজীবীর স্বাক্ষরিত আবেদনের প্রতিলিপি সংযোজিত হল)।

মাননীয় মহাশয়, আপনার কাছে দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের একান্ত অনুরোধ এই যে সাগরদীপের সহস্রাধিক ক্ষুদ্র ও চিরাচরিত সামুদ্রিক মৎস্যজীবীর জীবন-জীবিকা রক্ষায় আপনি অবিলম্বে হস্তক্ষেপ করুন। এইসঙ্গেই ভবিষ্যতেও যাতে ক্ষুদ্র ও চিরাচরিত সামুদ্রিক মৎস্যজীবীরদের জীবন-জীবিকার উপর এইধরণের উৎখাতের হ্রাস না আসে তার জন্য খোটির ব্যবস্থা জমি ব্যবহারের আইনি স্বত্ত্ব খোটি সমিতিকে প্রদান করার ব্যবস্থা নিন।

আপনার কার্যকরী হস্তক্ষেপের আশায় –

আপনার বিশ্বস্ত,

প্রদীপ চ্যাম্পান্ডি

প্রদীপ চ্যাটার্জী,
সভাপতি,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম
মোবাইলঃ ৯৮৭৪৪৩২৭৭৩



Reed